



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

কৃষি ঋণ বিভাগ

০৯ চৈত্র ১৪৩১

তারিখ:-----

২৩ মার্চ ২০২৫

এসিডি সার্কুলার লেটার নং-০১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

CIB রিপোর্টিং প্রসঙ্গে।

শীর্ষোক্ত বিষয়ে এ বিভাগের এসিডি সার্কুলার লেটার নং-০২, তারিখ ০৩/১২/২০১৮ এবং ২০২৪-২০২৫ অর্থবছরের কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচির অনুচ্ছেদ নং-২.১.১০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- উক্ত সার্কুলার লেটার এবং নীতিমালার বর্ণিত অনুচ্ছেদে নতুন ঋণ মঞ্জুরি বা বিদ্যমান ঋণ নবায়নের জন্য ২.৫০ লক্ষ টাকা পর্যন্ত শস্য ও ফসল ঋণের ক্ষেত্রে CIB রিপোর্ট সংগ্রহের প্রয়োজন হবে না মর্মে উল্লেখ রয়েছে।
- CIB রিপোর্ট যাচাই ব্যতীত ঋণ প্রদান করা হলে একজন গ্রাহক বিভিন্ন ব্যাংক থেকে সর্বোচ্চ ২.৫০ লক্ষ টাকা পরিমাণের একাধিক শস্য ও ফসল ঋণ গ্রহণ করলেও তা ঋণ প্রদানকারী ব্যাংকের পক্ষে জানা সম্ভব হচ্ছে না। এ প্রক্রিয়ায় খেলাপী ঋণ বৃদ্ধি পাওয়ার ঝুঁকি সৃষ্টি হচ্ছে। বর্তমানে CIB প্রতিবেদন সংগ্রহ করা পূর্বের তুলনায় অনেক সহজ করা হয়েছে। ব্যাংকসমূহ বাংলাদেশ ব্যাংকের CIB সার্ভার ব্যবহার করে দ্রুত ঋণ আবেদনকারীর CIB রিপোর্ট সংগ্রহ করতে পারছে।
- বর্ণিত প্রেক্ষাপটে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, কৃষি ও পল্লী ঋণের (এমএফআই লিংকেজ ব্যতীত) আওতাভুক্ত সকল খাতে যে কোন পরিমাণের নতুন ঋণ মঞ্জুরি বা বিদ্যমান ঋণ নবায়নের জন্য CIB রিপোর্ট যাচাই করতে হবে।
- এতদ্ব্যতীত, উক্ত সার্কুলার লেটার এবং ২০২৪-২০২৫ অর্থবছরের কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচির আলোচ্য অনুচ্ছেদের অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(দেবশীষ সরকার)

পরিচালক (এসিডি)

ফোন: ৯৫৩০১৩৮